

৯

কারিগরি শিক্ষা বোর্ড চেয়ারম্যান সমীপে

কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত বহুল আলোচিত হেলথ টেকনোলজি কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের শিক্ষা কার্যক্রম কি অনিচ্ছতার মাঝে ঠেলে দেয়া হবে? এসব কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা বলতে পারে না কে পরিচালনা করবে তাদের শিক্ষা কার্যক্রম, আর কোথায় হবে তাদের মূল্যায়ন। কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত হেলথ টেকনোলজি কোর্সের সমস্যা নিরসনে গঠিত পাঁচ সদস্যের আন্তঃমন্ত্রণালয়ের কমিটির রিপোর্টে বলা হয়েছে, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে কোন চিকিৎসা সেবামূলক প্রতিষ্ঠান না থাকায় হেলথ টেকনোলজি কোর্সটি বাস্তব অধিদপ্তরের অধীনে থাকা বাঞ্ছনীয় এবং কারিগরি বোর্ড পরিচালিত হেলথ টেকনোলজি কোর্সে ভর্তির জন্য নীতিমালা প্রয়োজন, যা দেশে দক্ষ মেডিকেল টেকনোলজিস্ট তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অত্যন্ত পরিভ্রাণের বিষয় হল, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে হেলথ টেকনোলজি কোর্সের ২০০৫-২০০৬ সেশন ও ২০০৬-২০০৭ সেশনে বিভিন্ন বিভাগে প্রায় ১০ হাজার ছাত্র-ছাত্রীকে রেজিস্ট্রেশন দেয়া হয়। কারিগরি শিক্ষা বোর্ড যদি হেলথ টেকনোলজি কোর্সটি পরিচালনা করতে নাই পারে তাহলে নতুন করে ছাত্র-ছাত্রী ভর্তি করা হচ্ছে কেন? আর ভর্তি প্রক্রিয়ায় যদি নীতিমালার প্রয়োজন হয় তাহলে সেই নীতিমালা মানা হচ্ছে না কেন? ২০০৫-২০০৬ সেশন ২০০৬-২০০৭ সেশনে যেসব ছাত্র-ছাত্রীকে রেজিস্ট্রেশন দেয়া হয়েছে এসব ছাত্র-ছাত্রীর শিক্ষা কার্যক্রম নিয়ে এখনও পর্যন্ত কোন সুরাহা করা হয়নি। আর এসব ছাত্র-ছাত্রী পড়ে আছে অনিচ্ছতার মাঝে। অঞ্চল বাংলাদেশের শিক্ষা নীতিতে একটা বড় সমস্যা হয়ে দাঁড়িয়ে আছে এই হেলথ টেকনোলজি কোর্স। কারিগরি বোর্ড অনুমোদিত বেসরকারী প্রতিষ্ঠানগুলো এখনও পরিচালনা করে যাচ্ছে তাদের কার্যক্রম আর ভর্তি করে যাচ্ছে অনিয়মিত সব ছাত্র-ছাত্রী। অঞ্চ এ ব্যাপারটি কোন কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয় না। কারিগরি বোর্ডের অধীনে এসব ছাত্র-ছাত্রীর ২০০৫-২০০৬ সেশনে পঞ্চম পর্বের ও ২০০৬-২০০৭ সেশনের ছাত্র-ছাত্রীদের তৃতীয় পর্বের পরীক্ষা বোর্ডের নিয়ম অনুযায়ী ৬ মাস পর হয়ে থাকে। কিন্তু ৭ মাস পার হওয়ার পরও এখনও পর্যন্ত বোর্ড হতে কোন নোটিশ দেয়া হয়নি। তৃতীয় ও পঞ্চম পর্বের বোর্ড সমাপনি পরীক্ষাগুলো কি অদৌ কারিগরি বোর্ডের অধীনে হবে? অতি সস্ত্রি বেসরকারী প্রতিষ্ঠানগুলো অনিয়মিত যেসব ছাত্র-ছাত্রী ভর্তি করেছে তাদের রেজিস্ট্রেশন দেবে কি কারিগরি শিক্ষা বোর্ড?

-নাসরিন ফাতেমা

৬৪/১-ক আবুয়া মাদ্রাসা কোয়ার্টার
ময়মনসিংহ।